মেহেরপুরে জেলা সমাজকল্যাণ কমিটির মাধ্যমে আর্থিক অনুদান বিতরণ

২০২৪-২৫ অর্থবছরে চিকিৎসা, লেখাপড়া ও প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ব্যক্তিদের মাঝে জেলা সমাজকল্যাণ কমিটি, মেহেরপুরের মাধ্যমে এককালীন আর্থিক অনুদান বিতরণ করা হয়েছে। এ বছর ১৬৯ জনকে মোট ৪ লাখ ১২ হাজার টাকা অনুদান দেওয়া হয়েছে।

মঙ্গলবার (২৫ মার্চ) সকাল সাড়ে দশটার দিকে জেলা প্রশাসন ও জেলা সমাজসেবা অফিসের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে এই অনুদান বিতরণ অনুষ্ঠিত হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিভিল সার্জন ডা. এ. কে. এম. আবু সাঈদ, জেলা সমাজসেবা অফিসার ও উপপরিচালক মো. আশাদুল ইসলাম, হাসপাতাল সমাজসেবা কর্মকর্তা মাহে জেবিন কেমি, প্রবেশন কর্মকর্তা মো. মিজানুর রহমান, সদর উপজেলা সমাজসেবা কর্মকর্তা মো. আনিসুর রহমান।

অনুষ্ঠানটি সঞ্চালনা করেন জেলা সমাজসেবা (রেজি.) অফিসার কাজী আবুল মুনসুর।

ঝিনাইদহে কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে ১৬’শ কৃষকের মাঝে বিনামুল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে। সোমবার সকালে সদর উপজেলা পরিষদ চত্ত্বরে কৃষি বিভাগের পক্ষ থেকে এ উপকরণ বিতরণ করা হয়।

এ সময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, উপজেলা কৃষি কর্মকর্তা নূর-এ নবী, অতিরিক্ত কৃষি কর্মকর্তা

জুনাইদ হাবীবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৃষি বিভাগ জানায়, সরকারের কৃষি প্রণোদনা কর্মসূচীর আওতায় উফশী আউশের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সদর উপজেলার বিভিন্ন এলাকার ১ হাজার ৬০০ কৃষককে এ উপকরণ দেওয়া হয়। প্রত্যেককে ৫ কেজি উন্নতজাতের বীজ ও ২০ কেজি রাসায়নিক সার দেওয়া হয়।

ঝিনাইদহে বিএনপি নেতার পক্ষ থেকে নারীদের সেলাই মেশিন বিতরণ

পবিত্র ঈদুল ফিতর উপলক্ষে ঝিনাইদহে ১৪৪ জন নারীর মাঝে সেলাই মেশিন বিতরণ করেছেন জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদ।

সোমবার সকালে ঝিনাইদহ শহরের ফজর আলী গার্লস স্কুল অ্যান্ড কলেজ মাঠে এই উপহার বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে জেলা বিএনপির নেতৃবৃন্দের মধ্যে উপস্থিত ছিলেনÑসাধারণ সম্পাদক জাহিদুজ্জামান মনা, সহ-সভাপতি মুন্সি কামাল আজাদ পান্নু, সিনিয়র সহ-সভাপতি আক্তারুজ্জামান, সহ-সভাপতি এনামুল কবির মুকুল, সিনিয়র যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল মজিদ বিশ্বাস, মহিলা দলের সভাপতি কামরুন্নাহার লিজি, যুগ্ম সম্পাদক এম শাহজাহান, যুবদলের সভাপতি আহসান হাবীব রনক, সাধারণ সম্পাদক আশরাফুল ইসলাম পিন্টু এবং সহ-দপ্তর সম্পাদক সাকিব আহমেদ বাপ্পি প্রমুখ।

বিতরণ অনুষ্ঠানের আয়োজকদের পক্ষ থেকে জানানো হয়, সদর উপজেলার ১৩টি ইউনিয়ন ও সদর পৌরসভার ১৪৪ জন নারীর মাঝে এই সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। পুরো কার্যক্রমটি জেলা বিএনপির সভাপতি অ্যাডভোকেট এমএ মজিদের ব্যক্তিগত অর্থায়নে বাস্তবায়িত হয়েছে।

অ্যাডভোকেট এমএ মজিদ বলেন, “নারীদের স্বাবলম্বী করে তোলাই আমাদের এই উদ্যোগের মূল উদ্দেশ্য। একটি সেলাই মেশিন একটি পরিবারের জীবনে পরিবর্তন আনতে পারে। আমি বিশ্বাস করি, এই উপহারের

মাধ্যমে ১৪৪টি পরিবারে নতুন কর্মসংস্থানের সুযোগ তৈরি হবে এবং পরিবারগুলোর স্বচ্ছলতা আসবে।”

তিনি আরও বলেন, “সমাজের প্রত্যেকের উচিত নিজ নিজ জায়গা থেকে মানবতার কল্যাণে এগিয়ে আসা। এই উদ্যোগ নারীদের আত্মকর্মসংস্থানের পথে একটি ছোট কিন্তু গুরুত্বপূর্ণ পদক্ষেপ।”

মেহেরপুরে জেলা যুবদলের উদ্যোগে ইফতার বিতরণ

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান জনাব তারেক রহমানের নির্দেশনায় মেহেরপুর জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক হুজাইফা ডিক্লেয়ার উদ্যোগে ইফতার বিতরণ করা হয়।

আজ রবিবার বিকেল পাঁচটার দিকে মেহেরপুর শহর পৌরসভার সামনে, হাসপাতাল ওয়াবদার মোড় ও কলেজ মোড়-এ পবিত্র মাহে রমজান উপলক্ষে পথচারী মানুষের মাঝে পাঁচ শতাধিক ইফতার বিতরণ করা হয়েছে।

ইফতার বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা যুবদলের দপ্তর সম্পাদক হাবিবুর রহমান ভিকু, দারিয়াপুর ইউনিয়ন যুবদলের সেক্রেটারী নাহিদ ইসলাম, রাজু দোলোয়ার, ওসমান, অভি লিটন ফাইম, নাজমুল সহ জেলা যুবদলের নেতা কর্মী উপস্থিত ছিলেন।

মেহেরপুরে মাদ্রাসা শিক্ষার্থীদের মধ্যে ইফতার ও

ঈদ উপহার বিতরণ

বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশনায় মাসব্যাপী ইফতার কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুরে অসহায় ও এতিম মাদ্রাসা শিক্ষার্থীদের মাঝে ইফতার ও ঈদ উপহার বিতরণ করা হয়েছে।

আজ বৃহস্পতিবার বিকেলে মেহেরপুর সদর উপজেলার যাদবপুর মোড় এলাকায় অবস্থিত আন নূর ইসলামিয়া মাদ্রাসায় এ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

ইফতার ও ঈদ উপহার বিতরণ করেন মেহেরপুর কেন্দ্রীয় যুবদল নেতা মাহফুজুর রহমান নবাব। এ সময় মাদ্রাসার ২৮ জন শিক্ষার্থীর মাঝে ইফতার ও নিত্যপ্রয়োজনীয় ঈদ সামগ্রী বিতরণ করা হয়।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, মাহফুজুর রহমান নবাবের পিতা ও বিএনপি নেতা সোনা গাইন, জেলা যুবদলের যুগ্ম সাধারণ সম্পাদক মাসুদ রানা, জেলা ছাত্রদলের সাবেক যুগ্ম সম্পাদক কেডি আনোয়ার হোসেন, রাকিব, ফাহিমসহ অন্যান্য নেতাকর্মীরা।

উপহার সামগ্রীর মধ্যে ছিল, ২ কেজি পোলাও চাল, সেমাই, ২ লিটার তেল, ১ কেজি লবণ, ১ কেজি চিনি, ২ কেজি আটা, ৫০০ গ্রাম দুধ, ৫ কেজি আলু, ১ কেজি পেঁয়াজ, ১ কেজি রসুন ও ২ কেজি মসুর ডাল।

নেতৃবৃন্দ জানান, এই উদ্যোগের মাধ্যমে অসহায় ও এতিম শিক্ষার্থীদের পাশে দাঁড়ানোই ছিল মূল লক্ষ্য। ভবিষ্যতেও এই ধারা অব্যাহত থাকবে বলে জানান তারা।

মেহেরপুরে যুবদল নেতার উদ্যোগে পথচারীদের ইফতার

বিতরণ

পবিত্র মাহে রমজান উপলক্ষে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে মেহেরপুরে পথচারীদের মাঝে ইফতার বিতরণ করা হয়েছে।

গতকাল শুক্রবার বিকেল ৫টার দিকে শহরের কলেজ মোড়ে প্রায় ২০০ পথচারীর মাঝে এই ইফতার বিতরণ করা হয়। বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের নেতা মাহাফুজুর রহমানের সার্বিক সহযোগিতায় এই ইফতার বিতরণ কার্যক্রম অনুষ্ঠিত হয়।

এ সময় উপস্থিত ছিলেন যুবদল নেতা মোঃ ফাহিম, মোঃ নাজমুল হোসেনসহ অন্যান্য নেতাকর্মীরা। রমজানের এই পবিত্র মাসে যুবদলের এই মানবিক উদ্যোগ স্থানীয়দের মধ্যে প্রশংসিত হয়েছে।

মেহেরপুরে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশনের প্রতিষ্ঠাবার্ষিকীতে ইফতার বিতরণ

হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখার প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পথচারী ও সুবিধাবঞ্চিত মানুষদের মাঝে ইফতার বিতরণ করা হয়েছে।

গতকাল সোমবার বিকেল ৫ টার দিকে শহরের পৌর ঈদগাহ পাথর গেটের সামনে প্রায় ২০০ পথচারী ও সুবিধাবঞ্চিত মানুষের মাঝে এ ইফতার বিতরণ করা হয়।

সংগঠনের প্রতিষ্ঠাতা ও নির্বাহী পরিচালক মাহফুজুর রহমানের সার্বিক সহযোগিতায় ইফতার বিতরণ কার্যক্রম পরিচালিত হয়। এ সময় উপস্থিত ছিলেন সংগঠনের প্রেসিডেন্ট আহমেদ হুসাইন, ভাইস

প্রেসিডেন্ট ফারহান ইশরাক, জেনারেল সেক্রেটারি সুমাইয়া শিমু, ফাইন্যান্স অফিসার আল কামা সিদ্দিকী, প্রজেক্ট অফিসার মোবারক হুসাইন, পাবলিক রিলেশন অফিসার ফারদিন ইসলাম এবং সদস্য আদিবা, দোহা, নিপুণ, জিহাদ, আলফি ও জাবাল।

সংগঠনের নেতারা জানান, হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন সমাজের প্রতিটি মানুষের কল্যাণে কাজ করার লক্ষ্য নিয়ে এগিয়ে যাচ্ছে। অসহায়, দরিদ্র ও সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোই তাদের মূল উদ্দেশ্য। প্রতিষ্ঠার পর থেকেই সংগঠনটি বিভিন্ন সামাজিক ও মানবিক কার্যক্রম পরিচালনা করে আসছে। ভবিষ্যতেও এমন সেবামূলক কার্যক্রম অব্যাহত রাখার পরিকল্পনা রয়েছে তাদের।
তারা আরও বলেন, “আমাদের সমাজের প্রতিটি মানুষের উচিত একে অপরের পাশে দাঁড়ানো। আমরা চেষ্টা করছি আমাদের সামর্থ্যের মধ্যে অসহায় মানুষের মুখে হাসি ফোটাতে। ভবিষ্যতে আরও বৃহৎ পরিসরে মানবসেবামূলক কর্মকাণ্ড পরিচালনা করতে চাই।”

সমাজের সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর এই মহতী উদ্যোগের মধ্য দিয়ে হিউম্যান ওয়েলফেয়ার ফাউন্ডেশন মেহেরপুর জেলা শাখা তাদের প্রথম বর্ষপূর্তি উদযাপন করলো। ভবিষ্যতে আরও বড় পরিসরে মানবতার কল্যাণে কাজ করার প্রতিশ্রুতি ব্যক্ত করেছে সংগঠনটি।

মুজিবনগরে আস-সুন্নাহ ফাউন্ডেশনের ইফতার সামগ্রী বিতরণ

উম্মাহর স্বার্থে, সুন্নাহর সাথে এই স্লোগানে মুজিবনগরে আস-সুন্নাহ ফাউন্ডেশনের উদ্যোগে অসহায়দের মধ্যে ইফতার সামগ্রী বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার সকালে মুজিবনগর কমপ্লেক্স মাঠে “ভাবনাহীন সিয়াম সাধনা” নিশ্চিত করতে উপজেলার ৮০ জন অসহায় নারী ও পুরুষের মাঝে এসব ইফতার সামগ্রী বিতরণ করা হয়।

ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) পলাশ মণ্ডল, মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (ওসি) মিজানুর রহমান, উপজেলা সমাজসেবা অফিসার মাহমুদুল হাসান, মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সী ওমর ফারুক প্রিন্স, সহ-সভাপতি খাইরুল বাসার, সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান, ছাত্র প্রতিনিধি আরিফ খান ও শাওন শেখ।

এসময় আস-সুন্নাহ ফাউন্ডেশনের পক্ষে স্বেচ্ছাসেবকের দায়িত্ব পালন করেন আশিক শেখ, আবিদ রেজা, জাহাঙ্গীর আলম, পারভেজ, তরিকুল ইসলাম, সাদ্দাম ও সিলন।

ঝিনাইদহে কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ

ঝিনাইদহে ১ হাজার ৩৫০ জন কৃষকের মাঝে বিনামূল্যে সার ও বীজ বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার (৬ মার্চ) সকালে সদর উপজেলা পরিষদ চত্ত্বরে কৃষি বিভাগের পক্ষ থেকে এ উপকরণ বিতরণ করা হয়।

এ সময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, উপজেলা কৃষি কর্মকর্তা নূর-এ নবী, অতিরিক্ত কৃষি কর্মকর্তা জুনাইদ হাবীবসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

কৃষি বিভাগ জানায়, গ্রীষ্মকালীন মুগ ও তিলের আবাদ ও উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারের প্রণোদনা কর্মসূচীর আওতায় সদর উপজেলার বিভিন্ন এলাকার ১ হাজার ৩৫০ কৃষককে এ উপকরণ দেওয়া হয়। ৮০০ কৃষকের প্রত্যেককে ৫ কেজি উন্নতজাতের মুগ বীজ ও ১৫ কেজি রাসায়নিক সার এবং সাড়ে ৫০০ কৃষকের প্রত্যেকে ১ কেজি গ্রীষ্মকালীন তিল ও ১৫ কেজি রাসায়নিক সার দেওয়া হয়।

মুজিবনগরে এসএসসি পরীক্ষার্থীদের মাঝে ফরম পূরণের টাকা বিতরণ

মুজিবনগরে বিভিন্ন আর্থসামাজিক উন্নয়নের পাশাপাশি শিক্ষার প্রসারে দীর্ঘদিন ধরে কাজ করে যাচ্ছে গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি। প্রতিষ্ঠানটি প্রতিবছর স্পনসরকৃত শিক্ষার্থীদের মাঝে খাদ্যসহ শিক্ষা সহায়ক বিভিন্ন সামগ্রী বিতরণ করে আসছে।

তারই ধারাবাহিকতায়, গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি-এর উদ্যোগে ২০২৫ সালের এসএসসি পরীক্ষার্থীদের মাঝে ফরম পূরণের টাকা ও অন্যান্য শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।

বুধবার সকাল ১১টায় মেহেরপুর সিডিপি-র বল্লভপুর প্রজেক্ট অফিসের হল রুমে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়।

গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি-র ম্যানেজার বিপুল রেমার সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার পলাশ মণ্ডল।

এছাড়াও উপস্থিত ছিলেন সিডিসি সভাপতি জহিরুল ইসলাম মাস্টার,মুজিবনগর প্রেসক্লাবের সভাপতি মুন্সি ওমর ফারুক প্রিন্স ও সাধারণ সম্পাদক হাসান মোস্তাফিজুর রহমান।

গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপির উদ্যোগে ২০২৫ সালের এসএসসি পরীক্ষার জন্য ১৭ জন স্পনসর শিক্ষার্থীকে প্রতিজন ২ হাজার টাকা করে ফরম পূরণের জন্য প্রদান করা হয়। পাশাপাশি পরীক্ষার কাজে প্রয়োজনীয় ফাইল, রাবার, কলম, স্কেল, শার্পনারসহ বিভিন্ন শিক্ষা উপকরণও বিতরণ করা হয়।

এছাড়াও গুডনেইবারস বাংলাদেশ মেহেরপুর সিডিপি-এর স্পনসর ১,১৬৫ জন শিশু শিক্ষার্থীর মাঝে ৬টি খাতা ও ৬টি কলম বিতরণেরও উদ্বোধন করা হয়।